



বিস্মিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত অভিভাবক,

আস্‌সালামু আলাইকুম/আদাব।

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ (করোনা ভাইরাস) পরিস্থিতিজনিত কারণে গত ১৭/০৩/২০২০ তারিখ থেকে বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সশরীরে উপস্থিতির মাধ্যমে শিক্ষাদান কার্যক্রম বন্ধ ছিল। উল্লিখিত সময় হতে অদ্যাবধি আমরা অনলাইনের মাধ্যমে শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করে আসছি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও লেখাপড়া বাধাগ্রস্ত হয়েছে। আমরা অত্যন্ত আনন্দিত যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের ঘোষণা মোতাবেক আগামী ১২/০৯/২০২১ তারিখ থেকে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ খুলে দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সশরীরে উপস্থিতির মাধ্যমে শিক্ষাদান কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ যেমন- বই, খাতা, ব্যাগ, প্রতিষ্ঠান নির্ধারিত ইউনিফর্ম প্রভৃতি যথাযথ ব্যবহার হয়নি। এমতাবস্থায় উল্লিখিত শিক্ষা উপকরণ সমূহ প্রস্তুত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, শিক্ষার্থী ও অভিভাবকগণের জন্য প্রতিপালনীয় বিষয়সমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এছাড়াও অভিভাবকগণের জন্য নির্দেশনামূলক প্রামাণ্যচিত্র অত্র প্রতিষ্ঠানের ফেইস বুক পেইজে আপলোড করা হয়েছে। ফেইস বুক লিংক: <https://www.facebook.com/tmsstpsc.bogra>

টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া